

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির
সভার কার্যবিবরণীঃ**



সভাপতি : মো: শরীফুল ইসলাম
জেলা প্রশাসক, জয়পুরহাট


সভার তারিখ : ১৩/০৯/২০২২ খ্রি:
সভার সময় : সকাল ০৯:০০ টা

সভার স্থান : জেলা প্রশাসকের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা পাঠ করে শুনান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা ও মতামত	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট-এ শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ: কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণের অভাব এবং সেবাগ্রহীতাদের মধ্যে সচেতনতার অভাব শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় মর্মে সভায় আলোচনা করা হয়।	১) কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। ২) প্রদত্ত সেবা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করতে শাখাভিত্তিক সিটিজেন চার্টার অনুসরণ করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
০২.	অনলাইনে সিটিজেন চার্টার প্রকাশ ও ওয়েবসাইট হালনাগাদকরণ: সভায় অনলাইনে সিটিজেন চার্টার প্রকাশ নিশ্চিত করা এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়।	অনলাইনে সিটিজেন চার্টার প্রকাশ ও ওয়েবসাইট হালনাগাদ নিশ্চিত করতে হবে।	সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
০৩.	কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান: জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা /কর্মচারীদের নতুন অফিস টাইম অনুযায়ী নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট ২) নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট
০৪	ই-টেন্ডার দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ: জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ই-টেন্ডার চালুকরণ এবং দরপত্র ও কোটেশন বিজ্ঞপ্তি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ই-টেন্ডার চালুকরণ এবং দরপত্র ও কোটেশন বিজ্ঞপ্তি ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ নিশ্চিত করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
০৫	সেবা প্রদানে ইনোভেশন: সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য ইনোভেশন টিমকে কার্যকর ভূমিকা পালনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	ইনোভেশন টিম আগামী সভার পূর্বে সেবা প্রক্রিয়া সহজীকরণের জন্য প্রয়োজনীয় সুপারিশ উপস্থাপন করবে।	জেলা ইনোভেশন টিম, জয়পুরহাট
০৬.	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ: প্রতি ০৩ মাস অন্তর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে যথাসময়ে প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১) সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ২) সহকারী কমিশনার, সাধারণ শাখা

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মো: শরীফুল ইসলাম)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ ০২৫৮৯৯১৫০৫১
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪৩.৩৮০০.০০৬.০০৫.১৫৭.২১-

৭০৫

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯
২৬ সেপ্টেম্বর ২০২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা,
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ০৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ০৭। জনাব
- ০৮। অফিস কপি


২১/০৯/২০২২

নেজারত ডেপুটি কালেক্টর
জয়পুরহাট

ও

সদস্য সচিব

জেলা নৈতিকতা কমিটি

ফোনঃ (+৮৮)০৫৭১-৬২২২২